

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
ময়মনসিংহ পওর সার্কেল,
বাপাউবো, ময়মনসিংহ।
semym_bwdb@yahoo.com

বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ মাহফুজুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
ময়মনসিংহ পওর সার্কেল,
বাপাউবো, ময়মনসিংহ।

সভার স্থানঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর কক্ষ

সভার তারিখঃ ২২ জুন, ২০২৩ খ্রিঃ

সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকায়

উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভায় উপস্থিত অত্র দপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কর্মকর্তা ও ঠিকাদার/জনসাধারণ/অংশীজনদের প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অত্র সার্কেলের আওতাধীন ৩ টি দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ ময়মনসিংহ, নেত্রকোণা ও কিশোরগঞ্জ জেলার নদী ও হাওড়ের তীরবর্তী জনগণের ফসল ও জানমালের নিরাপত্তা নিশ্চিতকল্পে এই বর্ষা মৌসুমেও নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জনগণের নাগরিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ মোতাবেক সিটিজেন চার্টার ও উত্তম চর্চা বাস্তবায়নে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপ-পরিচালক জনাব সজল কুমার খর আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন।

৩। ঠিকাদারদের প্রতিনিধি জনাব উত্তম মতবিনিময় সভায় আমন্ত্রণ জানানোর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং নতুন ঠিকাদারদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য LTM পদ্ধতিতে আরো অধিক টেন্ডার করার জন্য সুপারিশ করেন। জনসাধারণের প্রতিনিধি জনাব হাবিবুর রহমান মতবিনিময় সভায় সাধারণ জনগণের অংশগ্রহণের ফলে জনগণের অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবে মর্মে মতামত ব্যক্ত করেন এবং চলতি বর্ষা মৌসুমে Emergency কাজের মাধ্যমে ব্রহ্মপুত্র তীরের নতুন সৃষ্ট ভাঙ্গনসমূহ মেরামত করার ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জ্ঞাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী স্ব স্ব বিভাগীয় দপ্তর সেবাগ্রহীতাদের সেবা প্রদান করবে এবং সেবাগ্রহীতাদের প্রত্যাশানুযায়ী সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

(২) ২০২২-২৩ অর্থবছরে নতুন করে আর LTM পদ্ধতিতে টেন্ডার করার সুযোগ না থাকায় পরবর্তী অর্থ-বছরে যাতে LTM পদ্ধতিতে টেন্ডারের মাধ্যমে নতুন ঠিকাদারদের অংশগ্রহণ নিশ্চিত করা যায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় দপ্তরসমূহকে অবহিত করেন।

(৩) চলতি বর্ষা মৌসুমে জনসাধারণের দুর্ভোগ লাঘবসহ জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিতকল্পে ব্রহ্মপুত্র তীরের নতুন সৃষ্ট ভাঙ্গনসমূহ জরুরি ভিত্তিতে মেরামতের জন্য Emergency কাজ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।

(৫) দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত পরিচালনার নিমিত্তে সকল কর্মকর্তা/কর্মচারীকে সকল প্রকার অনিয়ম থেকে বিরত থাকতে হবে। সেবা প্রাপ্তির ক্ষেত্রে জনসাধারণকে যেনো কোনো ধরণের ভোগান্তির সম্মুখীন না হতে হয় তা নিশ্চিত করতে হবে।

৪। পরিশেষে সিটিজেন চার্টার ও উত্তম চর্চা বাস্তবায়নসহ পানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্দেশনা মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ মাহফিজুর রহমান)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

আইডিঃ- ৬৬০৬০১০০৪

মোবাইল নং- ০১৭১২-০৫৭৪৯৫

স্মারক নংঃ- ১২-৩৩/২১৬৬(৫)

তারিখঃ- ২২/০৬/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
- ২। সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
- ৩-৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব-রিজিয়ন/প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ৫-৭। নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ/নেত্রকোণা পওর ও কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ/নেত্রকোণা ও কিশোরগঞ্জ।
- ৮। অফিস কপি।



তত্ত্বাবধায়ক প্রকৌশলী,

আইডিঃ- ৬৬০৬০১০০৪

মোবাইল নং- ০১৭১২-০৫৭৪৯৫